

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-০১

২৫ পৌষ ১৪২৫
তারিখ : -----
০৮ জানুয়ারি ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকের ব্যবসা কেন্দ্র স্থাপন, স্থানান্তর ও সাজসজ্জার ব্যয়সীমা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখ- ১৬ জানুয়ারি ২০১৪, বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬, তারিখ- ২০ জুন ২০১৬ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯, তারিখ- ২৬ জুলাই ২০১৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার লেটার নং-০২/২০১৪ এর (খ) অনুচ্ছেদে নতুন শাখা স্থাপন বা বিদ্যমান শাখা স্থানান্তরের ক্ষেত্রে প্রয়োজনীয় আসবাবপত্র ও অন্যান্য সাজ-সরঞ্জামাদির জন্য সর্বোচ্চ ব্যয়সীমা যথাক্রমে ১৫০০/- টাকা/বর্গফুট এবং ১০০০/- টাকা/বর্গফুট নির্ধারণ করা হয়। উক্ত ব্যয়সীমার মধ্যে ব্যাংক নিজস্ব ব্যয়ে ও ব্যবস্থাপনায় ভল্ট নির্মাণ করবে মর্মে উল্লেখ আছে। কিন্তু বাংলাদেশ ব্যাংক এ মর্মে অবহিত হয়েছে যে, কিছু কিছু ব্যাংক তাদের শাখার জন্য ভাড়াকৃত ভবনসমূহের মালিকগণের দ্বারা ভল্ট স্থাপন করতঃ আসবাবপত্র ও অন্যান্য সাজসরঞ্জাম সংগ্রহে উক্ত ব্যয়ের উর্ধ্বসীমা অনুসরণ করছে। ভল্ট একটি অত্যন্ত স্পর্শকাতর অবকাঠামো যার নিরাপত্তা বাংলাদেশ ব্যাংকের নির্দেশিত পদ্ধতিতে নিশ্চিত করা আবশ্যিক। ভাড়াকৃত ভবনের মালিক/মালিকগণ কর্তৃক ভল্ট নির্মাণ করা হলে অনেক ক্ষেত্রে নিরাপত্তার জন্য নির্ধারিত মানদণ্ড পরিপালিত নাও হতে পারে। তাই ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক ভল্ট নির্মাণ সম্পর্কিত সকল নির্দেশনা অনুসরণপূর্বক নিজস্ব ব্যয়ে ও ব্যবস্থাপনায় ভল্ট নির্মাণ করা সমীচীন।

৩। সময়ের ব্যবধানে দ্রব্যমূল্য কিছুটা বৃদ্ধি পাওয়ায় বর্তমানে পূর্বের নির্দিষ্টকৃত ব্যয়সীমার মধ্যে নতুন ব্যবসা কেন্দ্র স্থাপন বা বিদ্যমান ব্যবসা কেন্দ্র স্থানান্তরের ক্ষেত্রে ব্যাংকসমূহ কিছুটা অসুবিধার সম্মুখীন হচ্ছে। বর্ণিত বিষয়াবলী বিবেচনায় ভল্টসহ অন্যান্য প্রয়োজনীয় স্থাপনার যথাযথ নিরাপত্তা নিশ্চিতকরণকল্পে বর্তমান দ্রব্যমূল্য বিবেচনায় বিআরপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখ- ১৬ জানুয়ারি ২০১৪ এর ২ (খ) ও (গ) অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবেঃ-

‘খ’- নতুন ব্যবসা কেন্দ্র স্থাপনের ক্ষেত্রে আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যতীত অন্যান্য খাতে প্রতি বর্গফুটের জন্য সর্বোচ্চ ১৮৫০/- টাকা এবং বিদ্যমান ব্যবসা কেন্দ্র স্থানান্তরের ক্ষেত্রে প্রতি বর্গফুটের জন্য সর্বোচ্চ ১২৫০/- টাকা পর্যন্ত ব্যয় করা যাবে। আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থার ব্যয়ও যুক্তিসঙ্গত পর্যায়ে রাখতে হবে।

‘গ’- ব্যাংক তার ব্যবসা কেন্দ্র স্থাপন বা স্থানান্তরের ক্ষেত্রে মৌলিক প্রয়োজনীয়তা, পর্যাপ্ত গুণগত মান ও টেকসই বিবেচনায় রেখে সাজসজ্জার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম নির্বাচন করবে। সাজসজ্জার জন্য পরিবেশ বান্ধব সরঞ্জাম নির্বাচন করার বিষয়ে ব্যাংক বিশেষভাবে লক্ষ্য রাখবে।

৪। এতদভিন্ন ব্যবসা কেন্দ্র স্থাপনের উপরোল্লিখিত ব্যয়সীমা অনুসরণ করে সাজ-সরঞ্জাম সংগ্রহ করা সহ প্রয়োজ্য ব্যবসা কেন্দ্রসমূহে ব্যাংক নিজ ব্যয়ে ভল্ট নির্মাণ করবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবসা কেন্দ্র স্থানান্তরের সময় পূর্বে স্থাপিত ভল্ট নিজ দায়িত্বে অপসারণ করবে। পূর্বে স্থাপিত ভল্ট অপসারণের ব্যয় উপরোল্লিখিত ব্যবসা কেন্দ্র স্থানান্তরের অনুমোদিত ব্যয়সীমার বহির্ভূত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(রূপ রতন পাইন)

মহাব্যবস্থাপক

(চলতি দায়িত্বে)

ফোনঃ ৯৫৩০৩৩৬